**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 26.08.2024 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর হাসপাতালে চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রতিবাদে আগামীকাল পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানকে ঘিরে রাজ্য রাজনীতি সরগরম।

প্রশাসনের পক্ষ থেকে এই অভিযান বেআইনী ঘোষণা করা হলেও কর্মসূচীতে অনড় ছাত্র সমাজ।

২) তৃণমূল কংগ্রেস কর্মসূচীকে ঘিরে অশান্তির আশঙ্কা করেছে।

বিজেপি এই কর্মসূচীর সঙ্গে জড়িত নয় বলে জানিয়ে দিয়েছে।

৩) ধর্ষণের মত অপরাধ রুখতে এবং এধরনের মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য ৬ টি পক্সো সহ মোট ১৭ টি বিশেষ ফাস্ট্র্যাক আদালত তৈরির অনুমতি দিলেও রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নেয়নি বলে কেন্দ্র জানিয়েছে।

৪) আজ জন্মাষ্টমী। যথোচিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে শ্রী কৃষ্ণের জন্মতিথি।

৫) মোহনবাগান সুপারজায়ান্ট আগামীকাল ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হবে।

---

আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রতিবাদে আগামীকাল পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানকে ঘিরে রাজ্য রাজনীতি সরগরম। আজ সকাল থেকে দফায় দফায় বৈঠক করে প্রশাসনের পক্ষ থেকে এই কর্মসূচীকে বেআইনী ঘোষণা করা হয়েছে। ছাত্র সমাজও আগামীকালের কর্মসূচীতে অনড় বলে জানিয়ে দিয়েছে। প্রশাসন ও পাল্টা বক্তব্য এবং পুলিশি তৎপরতা নিয়ে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

-------------------------------

আগামীকালের কর্মসূচিকে ঘিরে বিজেপি অশান্তির ষড়যন্ত্র করছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে।

দলের নেতা কুনাল ঘোষ আজ এক সাংবাদিক বৈঠকে দাবি করেন, আগামীকালের মিছিলকে কেন্দ্র করে একটা বড় চক্রান্ত চলছে। বক্তব্যের সমর্থনে দুটি ভিডিও-ও প্রকাশ করেন তিনি।

(বাইট - কুণাল ১২.৫০)

এদিকে, বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের দাবি, আর জি কর কান্ডে আন্দোলন দেখে তৃণমূল কংগ্রেস ভয় পেয়েছে। সেই কারণেই আগামীকালের নবান্ন অভিযান কর্মসূচী নিয়ে চক্রান্তের কথা বলা হচ্ছে। বিজেপি কোনোভাবেই এই কর্মসূচীর সঙ্গে জড়িত নয় বলে তিনি ফের একবার স্পষ্ট করে দিয়েছেন।

(বাইট – সুকান্ত)

আজ সন্ধ্যায় সুকান্ত বাবু সহ অন্যান্য নেতৃত্বরা পানিহাটিতে নির্যাতিতার বাড়িতে গিয়ে তাঁর মা-বাবা ও পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন।

অন্যদিকে, ছাত্র সমাজের ডাকা এই আন্দোলনে আহ্বান জানানো হলে কংগ্রেস তা ভেবে দেখবে বলে দলের নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। নবান্ন অভিযানকে বেআইনী ঘোষণা করার সমালোচনাও করেন তিনি।

(বাইট – অধীর)

-------------------------------

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের কিনারায় সিবিআই তদন্তের মধ্যেই ৯ ই আগস্ট সকালের একটি ভিডিও প্রকাশ্যে এসেছে। এতে দেখা যাচ্ছে, দেহ উদ্ধারের পরই অকুস্থল সেমিনার রুমের ভেতরে ভিড় করে রয়েছেন পুলিশকর্তা, তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ কয়েকজন সহ অনেকেই। ভিডিওটি ভাইরাল হতেই প্রমাণ লোপাট এবং ঘটনাটিকে চাপা দেওয়ার চেষ্টার অভিযোগ ফের জোরালো হয়েছে। এরপরই লালবাজার থেকে এক সাংবাদিক সম্মেলনে কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায় জানান, সেমিনার হলটি যথেষ্ট বড়। যেখানে দেহটি পড়েছিল, তার ৪০ ফুট অবধি জায়গা পুলিশ সঙ্গে সঙ্গে ঘিরে রাখে। ভিডিওটি ঐ ৪০ ফুটের বাইরের অংশ থেকে তোলা বলে তিনি দাবি করেন।

(বাইট – ইন্দিরা)

আজ সিজিও কমপ্লেক্সে সন্দীপ ঘোষের পলিগ্রাফ টেস্ট করা হয়। আর জি করের আর্থিক দুর্নীতি নিয়ে নিজাম প্যালেসে জিজ্ঞাসাবাদ করা হয় প্রাক্তন সুপার সঞ্জয় বশিষ্ঠ এবং ফরেন্সিক মেডিসিন বিভাগের অধ্যাপক দেবাশিস সোমকে।

আর জি করের বর্তমান সুপার সপ্তর্ষি চট্টোপাধ্যায়ও আজ সিজিও কমপ্লেক্সে যান। এমএসভিপি হিসাবে তদন্তে পূর্ণ সহযোগিতা করা হবে বলে তিনি সাংবাদিকদের জানান।

এদিকে, বিজেপি, এই ঘটনায় প্রকৃত দোষীদের দ্রুত গ্রেপ্তারের জন্য সিবিআইয়ের কাছে দাবি জানিয়েছে।

------------------------------

ধর্ষণের মত অপরাধ রুখতে এবং এধরনের মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য ৬ টি পক্সো সহ মোট ১৭ টি বিশেষ ফাস্ট্র্যাক আদালত তৈরির অনুমতি দিলেও রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নেয়নি বলে কেন্দ্র জানিয়েছে। অপরাধ মোকাবিলায় কঠোর কেন্দ্রীয় আইন এবং বিশেষ ফাস্ট্র্যাক আদালত স্থাপনের প্রয়োজনের কথা জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে যে চিঠি দিয়েছিলেন, কেন্দ্রীয় নারী ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী, আজ তার জবাব দিয়েছেন। তিনি লিখেছেন, পয়লা জুলাই থেকে সারা দেশে যে ভারতীয় ন্যায় সংহিতা বলবত্ হয়েছে, তাতে ধর্ষণের কঠোর সাজার সংস্থান রয়েছে। পক্সো আইনের অধীনে বকেয়া মামলার দ্রুত নিষ্পত্তির জন্য কেন্দ্রীয় সহায়তা পুষ্ট প্রকল্প শুরু হয়েছে ২০১৯-এর অক্টোবরে। ২০২৩-এর ৮ ই জুন পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পে যোগ দিয়ে ৭ টি ফাস্ট্র্যাক আদালত গঠনের কথা জানায়। পরে তাদের ১৭ টি আদালতের গঠনের অনুমোদন দেওয়া হলেও চলতি বছরের ৬ ই জুন পর্যন্ত মাত্র ৬ টি পক্সো আদালত চালু হয়েছে। বাকি ১১ টি আদালত গঠনে রাজ্য সরকার কোনো উদ্যোগই নেয়নি। পশ্চিমবঙ্গে ৪৮ হাজার ৬০০ টি ধর্ষণ ও পক্সো মামলা ঝুলে রয়েছে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। মন্ত্রী আরও বলেন, মহিলা ও শিশুদের সমস্যার কথা জানাতে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণে

কেন্দ্রের তরফে বেশ কয়েকটি হেল্পলাইন চালু করা হলেও দুর্ভাগ্যবশত পশ্চিমবঙ্গ সরকার তা চালু করেনি।

আর জি করের নিহত নির্যাতিতার পরিবারের প্রতি আন্তরিক ও গভীর সমবেদনা জানিয়ে অন্নপূর্ণা দেবী তাঁর চিঠিতে বলেছেন, পশ্চিমবঙ্গ সরকার মেয়েদের বিরুদ্ধে সবরকম বৈষম্য ও হিংসার অবসান ঘটাতে এবং তাদের জন্য নিরাপদ, সুরক্ষিত ও সমদৃষ্টির সমাজ তৈরি করতে উদ্যোগী হবে বলে তাঁর আশা।

------------------------------

আর জি কর নিয়ে প্রতিবাদ কর্মসূচীর আয়োজন করায় কয়েকটি স্কুলকে সরকারের তরফে যে কারণ দর্শানোর কথা বলা হয়েছে, তার প্রতিবাদে প্রধান শিক্ষক শিক্ষিকাদের সংগঠন অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার্স অ্যান্ড হেডমিস্ট্রেসেস -এর সদস্যরা আজ কলকাতার কলেজ স্ট্রিটে বিক্ষোভ ও ধর্না কর্মসূচী পালন করেন। তাদের বক্তব্য, স্কুলের বাইরে পড়ুয়ারা কি করছে, তার জন্য প্রধান শিক্ষক বা শিক্ষিকা দায়ী থাকতে পারে না।

------------------------------

আজ জন্মাষ্টমী। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে পুজার্চনা, ভগবত গীতাপাঠ, নাম সংকীর্তন সহ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয় ভগবান শ্রীকৃষ্ণের এই জন্মতিথি। এই উপলক্ষ্যে কৃষ্ণ মন্দিরগুলি সুন্দর করে সাজানো হয়েছে।

উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনে আজ থেকে তিনদিন চলবে ভগবত সভা, কীর্তন সহ নানা অনুষ্ঠান।

**বেলুড় মঠে** জন্মাষ্টমীর দিন মা দুর্গার কাঠামো পুজো করা হয়েছে। ভগবান শ্রীকৃষ্ণের বিশেষ পুজার'ও আয়োজন করা হয়েছে মূল মন্দিরে। সন্ধ্যারতির পর হবে শ্রীকৃষ্ণের জন্মবৃত্তান্ত পাঠ ও আলোচনা এবং ভক্তদের প্রসাদ বিতরণ।

নদীয়ার **মায়াপুরে** শ্রীকৃষ্ণের আবির্ভাব তিথি উপলক্ষ্যে বহু ভক্তের সমাগম হয়েছে। ইস্কন মন্দির সহ বিভিন্ন মঠ ও মন্দিরে চলছে বিশেষ পুজোপাঠ ও নাম সঙ্কীর্তন।

উত্তর ২৪ পরগনার **চাকলায়** লোকনাথ মন্দিরেও ধুমধামের সঙ্গে জন্মাষ্টমী তিথি উদযাপিত হচ্ছে।

------------------------------

পূর্ব রেলের মালদা বিভাগ, পূর্ব রেল মহিলা কল্যাণ সংস্থার সহযোগিতায়, আজ রেলওয়ে আউটডোর স্টেডিয়ামে "একটি গাছ মায়ের নামে " শীর্ষক গণ বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করে। মালদা বিভাগের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (ডিআরএম) মনিশ কুমার গুপ্ত এবং সংস্থার সভাপতি মনীষা গুপ্ত অনুষ্ঠানে অংশ নেন। বৃক্ষ রোপনের মাধ্যমে পরিবেশগত দায়বদ্ধতার গুরুত্ব ডিআরএম তুলে ধরেন। তিনি বলেন, এটি শুধুমাত্র শুরু, এই অভিযানের লক্ষ্য হলো পুরো মালদা মন্ডল জুড়ে ১ লক্ষ তিরিশ হাজার গাছ রোপণ করা।

------------------------------

মোহনবাগান সুপারজায়ান্ট আগামীকাল ডুরান্ড কাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল সাড়ে পাঁচটায়। গতবারের বিজয়ী মোহনবাগান কোয়ার্টার ফাইনালে পাঞ্জাব এফসিকে টাইব্রেকারে ৬-৫ গোলে হারিয়ে শেষ চারে উঠে আসে।

অন্যদিকে, ব্যাঙ্গালুরু এফসি কেরালা ব্লাস্টার্স এর বিরুদ্ধে ১-০ গোলে জিতে সেমিফাইনালে পৌঁছয়।

------------------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মাদার Teresa র ১১৪ তম জন্মদিন উদযাপিত হচ্ছে। মানবদরদী, আজীবন মানব সেবায় ব্রতী মাদার Teresa র হাতে প্রতিষ্ঠিত কলকাতার মিশনারিজ অফ চ্যারিটিতে দিনটি পালন করা হচ্ছে। হোলি স্পিরিট ক্রিশ্চিয়ান সোশ্যাল অর্গানাইজেশন আয়োজিত শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম মাদারের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

------------------------------ ------------------------------